# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

## Date: 12.08.2024 Time: 7.50 P.M.

বিশেষ বিশেষ খবর –

১) আর জি কর হাসপাতালের পিজিটি চিকিৎসকের ধর্ষণ ও খুনের ঘটনায় হাসপাতালের কারোর হাত রয়েছে কিনা, তা তদন্ত করে দেখার জন্য রাজ্য সরকার কলকাতা পুলিশকে নির্দেশ দিয়েছে।

মুখ্যমন্ত্রী বলেছেন, রবিবারের মধ্যে পুলিশ এর কিনারা করতে না পারলে সি বি আই-এর হাতে তদন্তভার তুলে দেওয়া হবে।

২) জুনিয়ার চিকিৎসকদের লাগাতার আন্দোলনের জেরে আর জি কর মেডিকেল কলেজের অধ্যক্ষ পদে ইস্তফা দেওয়ার পর সন্দীপ ঘোষকে ন্যাশনাল মেডিকেল কলেজের অধ্যক্ষ নিযুক্ত

করা হয়েছে। আর জি করের নতুন অধ্যক্ষ হয়েছেন ডক্টর সুহৃতা পাল।

৩) এই ধর্ষণ ও খুনের ঘটনায় রাজ্যজুড়ে আজও চলেছে প্রতিবাদ বিক্ষোভ। এরই মধ্যে রাজ্যে এসেছে জাতীয় মহিলা কমিশনের প্রতিনিধি দল।

৪) ৭৮-তম স্বাধীনতা দিবসের প্রাক্কালে রাষ্ট্রপতি আগামী বুধবার জাতির উদ্দেশে ভাষণ দেবেন।

৫) শ্রাবণ মাসের শেষ সোমবার শিবের মাথায় জল ঢালতে গিয়ে শিলিগুড়ির বাগডোগরায় পথ দুর্ঘটনায় সিভিক ভলান্টিয়ার সহ ৭ জনের মৃত্যু।

০০০০০০০০০০০০০০০০০০০০০

আর জি কর হাসপাতালের পিজিটি চিকিৎসকের ধর্ষণ ও খুনের ঘটনায় হাসপাতালের কারোর হাত রয়েছে কিনা, তা তদন্ত করে দেখার জন্য রাজ্য সরকার কলকাতা পুলিশকে নির্দেশ দিয়েছে। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী আজ নিহত চিকিৎসকের সোদপুরের বাড়িতে গিয়ে পরিবারের সদস্যদের সঙ্গে দেখা করেন। পরে তিনি সাংবাদিকদের একথা জানিয়ে বলেন, এই ঘটনায় কাউকেই ছাড়া হবে না। রবিবারের মধ্যে কলকাতা পুলিশ ধর্ষণ ও খুনের কিনারা না করতে পারলে রাজ্য সরকার সিবিআই-এর হাতে তদন্তভার তুলে দেবে।

(বাইট - মমতা)

মুখ্যমন্ত্রী আরও জানান, এই ঘটনায় কর্তব্যে গাফিলতির জন্য হাসপাতাল ও প্রশাসনের বেশকিছু আধিকারিককে ইতিমধ্যেই সরিয়ে দেওয়া হয়েছে। সাংবাদিক বৈঠকে মুখ্যমন্ত্রীর পাশেই ছিলেন কলকাতা পুলিশ কমিশনার বিনীত গোয়েল। তিনি সাংবাদিকদের প্রশ্নের উত্তরে ওই ঘটনায় একাধিক ব্যক্তির জড়িত থাকার সম্ভাবনা খারিজ করেননি। এব্যাপারে কারোর ওপরে সন্দেহ থাকলে তা জানানোর জন্য কলকাতা পুলিশ একটি হেল্পলাইন চালু করেছে। এর নম্বর হল ১৮০০-৩৪৫-৫৬৭৮।

অন্যদিকে, নির্যাতিতার বাড়ি থেকে ফিরে মুখ্যমন্ত্রী নবান্নে নিজের ঘরে দফায় দফায় বৈঠক করেন মুখ্য সচিব ভগবতী প্রসাদ গোপালিকা, স্বাস্থ্য সচিব নারায়ণ স্বরূপ নিগম ও পুলিশ কমিশনার বিনীত গোয়েলের সঙ্গে। আর জি কর তদন্তের অগ্রগতি, সামগ্রিকভাবে সরকারী স্বাস্থ্য পরিষেবার ওপর জুনিয়ার ডাক্তাদের কর্ম বিরতির প্রভাব সহ বিভিন্ন বিষয়ে তাদের মধ্যে আলোচনা হয় বলে প্রশাসনিক সূত্রে জানা গেছে।

মুখ্যমন্ত্রীর আজকের ঘোষণাকে তীব্র কটাক্ষ করেছেন সিপিআইএম কেন্দ্রীয় কমিটির সদস্য সুজন চক্রবর্তী।

বাইট সুজন

অন্যদিকে, বিজেপি অভিযোগ করেছে পুলিশ আর জি করের ঘটনায় প্রকৃত সত্যকে আড়াল করতে চাইছে। দলের রাজ্য মুখ্যপাত্র শমিক ভট্টাচার্য বলেছেন, শাসক দল কোন প্রভাবশালীকে আড়াল করতে একজনকে গ্রেফতার করে যাবতীয় প্রমাণ লোপাট করতে চাইছে।

oooooooooooooooooooooooo

জুনিয়র চিকিৎসকদের লাগাতার আন্দোলনের জেরে আর জি কর মেডিকেল কলেজের অধ্যক্ষ পদে ইস্তফা দেওয়ার পর সন্দীপ ঘোষকে রাজ্য সরকার নতুন দায়িত্ব দিয়েছে। স্বাস্থ্য ভবনের এক নির্দেশিকায় তাঁকে ন্যাশনাল মেডিকেল কলেজের অধ্যক্ষ পদে নিযুক্ত করার কথা বলা হয়েছে।

আজ সকালে পদত্যাগের আগে ডক্টর ঘোষ সাংবাদিকদের বলেন, কারোর চাপে নয়, তিনি স্বেচ্ছায় ইস্তফা দেওয়ার এই সিদ্ধান্ত নিয়েছেন।

এদিকে, আর জি কর-এর নতুন অধ্যক্ষ হয়েছেন, স্বাস্থ্য ভবনের OSD পদে কর্মরত অধ্যাপক ডক্টর সুহৃতা পাল। ডক্টর অজয় রায়কে ন্যাশনাল মেডিকেল কলেজের অধ্যক্ষ পদ থেকে সরিয়ে স্বাস্থ্য ভবনের OSD-র দায়িত্ব দেওয়া হয়েছে।

অন্যদিকে, আই এ এস আধিকারিক শুভাঞ্জন দাশ-কে রাজ্যের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দফতরের নতুন সচিব নিযুক্ত করা হয়েছে। তিনি বর্তমানে উত্তর কলকাতার জেলা নির্বাচনী আধিকারিকের পদে রয়েছেন। পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত শ্রী দাশ নতুন এই পদে বহাল থাকবেন বলে নবান্ন থেকে এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে।

এছাড়া ডক্টর দেবাশিষ হালদারকে পশ্চিমবঙ্গ স্বাস্থ্য পরিষেবা বিভাগের অধিকর্তা নিয়োগ করা হয়েছে। তিনি বর্তমানে স্বাস্থ্য ভবনের যুগ্ম DHS, NCD পদে কর্মরত। যেদিন থেকে তিনি নতুন দায়িত্বভার গ্রহণ করবেন, সেদিন থেকে তাঁর নিযুক্তি কার্যকর হবে বলে পশ্চিমবঙ্গ সরকারের প্রিন্সিপাল সেক্রেটারির এক নির্দেশনামায় আজ জানানো হয়েছে।

এদিকে, কর্তব্যরত অবস্থায় তরুণী ডাক্তার পড়ুয়ার ধর্ষণ ও নৃশংস হত্যার ঘটনায় দেশজুড়ে প্রতিবাদ ধিক্কারের ঝড় উঠেছে।

আর জি করে আজও জুনিয়ার ডাক্তারদের কর্মবিরতি চলেছে। ফেডারেশন অফ রেসিডেন্ট ডক্টর্সও আজ থেকে রাজ্যজুড়ে সরকারি হাসপাতালগুলিতে কর্মবিরতির ডাক দিয়েছে । তবে জরুরী পরিষেবাকে এর আওতার বাইরে রাখা হয়েছে।

দিল্লী এইমসের তরফে জানানো হয়েছে, স্বাভাবিক পরিস্থিতি না ফেরা পর্যন্ত আউটডোর পরিষেবা নিয়ন্ত্রিত থাকবে। তবে জরুরী পরিষেবা স্বাভাবিক রয়েছে। রাম মনোহর লোহিয়া হাসপাতালও আপৎকালীন পরিকল্পনা করেছে, যাতে রোগীদের চিকিৎসা যথাসম্ভব নির্বিঘ্ন রাখা যায়। জাতীয় রাজধানীয় সফদরজং, লেডি হার্ডিঞ্জ মেডিকেল কলেজ ও মৌলানা আজাদ মেডিকেল কলেজ হাসপাতালে অনির্দিষ্টকালীন ধর্মঘট শুরু হয়েছে।

আর জি কর ছাড়াও ন্যাশানাল ও কলকাতা মেডিকেল কলেজেও কর্ম বিরতি চলায় স্বাভাবিক পরিষেবা বিঘ্নিত। তবে, জরুরী পরিষেবা চালু আছে।

ন্যাশনাল মেডিকেল কলেজের আন্দোলনকারীরা জানিয়েছেন, তাঁরা সন্দীপ ঘোষকে অধ্যক্ষ হিসেবে মানবেন না।

বিচার বিভাগীয় তদন্ত ও নিরাপত্তা সহ ৬ দফা দাবিতে আন্দোলন চালিয়ে যাচ্ছেন চিকিৎসকরা।

প্রেসিডেন্সি বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীরা আজ ধর্ষণ ও খুনের ঘটনায় ধিক্কার জানিয়ে কলকাতায় এক মিছিল বার করে। নাগরিক সমাজের ডাকেও প্রতিবাদ মিছিলে বিশিষ্ট জনেদের সঙ্গে পা মেলান বহু সাধারন মানুষ।

এসএফআই, ডিওয়াইএফআই, AIDWA, CITU, ইনসাফ সহ বিভিন্ন সংগঠন বিক্ষোভ অবস্থান কর্মসূচী পালন করে।

আজ সারা রাত অবস্থান করবে কলকাতা জেলার ছাত্র-যুব মহিলারা। আগামীকাল দুপুরে তারা শ্যামবাজার মোড়ে এক অবস্থানে যোগ দেবেন।

oooooooooooooooooooooooo

আর জি কর হাসপাতালে কর্তব্যরত অবস্থায় এক মহিলা চিকিতসককে ধর্ষন ও খুনের প্রতিবাদে আজও জেলায় জেলায় বিভিন্ন মেডিকেল কলেজ ও হাসপাতালে প্রতিবাদ বিক্ষোভে সামিল হন ডাক্তারি পড়ুয়ারা।

এরই মধ্যে মালদার বুলবুলচন্ডী গ্রামীণ হাসপাতালে বিডিওর হাতে কর্তব্যরত চিকিৎসক নিগ্রহ কান্ডের প্রতিবাদে আজ আন্দোলনে নামেন ডাক্তার সংগঠন। ইন্ডিয়ান মেডিক্যাল অ্যাসোসিয়েশন সংগঠনভুক্ত চিকিতসকরা বিভিন্ন দাবী-দাওয়া নিয়ে জেলাশাসক ও জেলা পুলিশ সুপারের কাছে ডেপুটেশন দেন। সংগঠনের সম্পাদক ডাঃ পিযুষ কান্তি মন্ডল জানান, আর জি কর হাসপাতালের ঐ ঘটনার দিনই বুলবুলচন্ডী গ্রামীণ হাসপাতালে বিডিওর হাতে এক কর্তব্যরত চিকিৎসক নিগৃহীত হন। দুটি ঘটনার প্রতিবাদেই তাদের এই কর্মসূচী। এই ঘটনায় জড়িতদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবী জানান তাঁরা।

মেদিনীপুর মেডিক্যাল কলেজ ও হাসপাতালের জুনিয়র চিকিৎসকদের আন্দোলন আজ বিকেলের পর থেকে আরও তীব্রতর হয়েছে। বিকেল থেকে এমারজেন্সি বা জরুরী পরিষেবা থেকেও অনির্দিষ্টকালের জন্য নিজেদের সরিয়ে নিয়েছেন জুনিয়র চিকিৎসক সহ সমস্ত হাউসস্টাফ এবং ইন্টার্নরা। এক সাংবাদিক বৈঠকে বিক্ষোভকারীরা ঘোষণা করেন, ময়নাতদন্তের রিপোর্ট প্রকাশ করা সহ যতক্ষণ না তদন্ত সঠিক পথে এগোচ্ছে ততক্ষণ পর্যন্ত এই অচলাবস্থা চলবে। এরপরই, মেদিনীপুর মেডিকেল কলেজ ও হাসপাতালের এমার্জেন্সি বিভাগ কার্যত চিকিৎসকশূন্য হয়ে পড়ে। দূর-দূরান্ত থেকে আসা আশঙ্কাজনক রোগীদেরও ফিরে যেতে হয় জেলার অন্যান্য হাসপাতাল এবং বেসরকারি হাসপাতালে। মেদিনীপুর মেডিক্যাল কলেজের অধ্যক্ষ ডঃ মৌসুমী নন্দী জানিয়েছেন, এই পরিস্থিতিতে সিনিয়র চিকিৎসকদের দিয়েই আপাতত অবস্থা সামাল দেওয়া হবে।

পুরুলিয়া দেবেন মাহাতো মেডিকেল কলেজ হাসপাতালে পড়ুয়ারা নিরাপত্তার দাবিতে অনির্দিষ্টকালের জন্য অবস্থান বিক্ষোভ শুরু করেছেন। তাদের দাবি, মেডিকেল কলেজের হাতুয়াড়া থেকে ৭ কিলোমিটার দুরের সদর হাসপাতালের ক্যাম্পাসে রাতের দিকে যাতায়াত করা অত্যন্ত বিপজ্জনক। বিশেষ করে মহিলাদের নিরাপত্তায় অবিলম্বে সদর হাসপাতালের ক্যাম্পাসের যাবতীয় বিভাগ নবগঠিত হাতুয়াড়া ক্যাম্পাসে স্থানান্তরিত করার দাবী জানিয়েছেন তাঁরা। লিখিতভাবে দাবী না মানা হলে বিক্ষোভ চলবে বলে জানানো হয়েছে।

উত্তর দিনাজপুরের রায়গঞ্জ হাসপাতালের জুনিয়ার ডাক্তার ও পড়ুয়ারা জরুরী পরিষেবা বাদে সমস্ত আউটডোর পরিষেবা বন্ধ রেখে প্রতিবাদে সামিল হয়েছেন। এর ফলে অসুবিধায় পড়েছেন দূর দুরন্ত থেকে চিকিৎসা করাতে আসা সাধারণ মানুষ। এদিকে, রায়গঞ্জ মেডিকেল কলেজ চত্বরে তৃতীয়

বর্ষের এক ছাত্রীর সঙ্গে মদ্যপ অবস্থায় অশালীন আচরণের অভিযোগে তীব্র চাঞ্চল্য ছড়ায়। যদিও ততক্ষনাত পুলিশ ঐ অভিযুক্তকে চিহ্নিত করে গ্রেপ্তার করেছে।

বর্ধমান মেডিকেল কলেজ হাসপাতালে জুনিয়র ডাক্তারদের অবস্থান বিক্ষোভ আজও অব্যাহত। আর জি কর-এর ঘটনার বিচারবিভাগীয় তদন্ত,নিরাপত্তার দায়িত্বে থাকা এসপি পদমর্যাদার আধিকারিকের বিরুদ্ধে ব্যবস্থা সহ প্রতিটি মেডিকেল কলেজে মহিলা চিকিৎসকদের নিরাপত্তার জন্য ন্যূনতম পরিকাঠামোগত উন্নয়নের দাবীতে প্ল্যাকার্ড হাতে জরুরী বিভাগের সামনে অবস্থান বিক্ষোভে সামিল হন জুনিয়ার ডাক্তাররা। যদিও মেডিকেল কলেজের অধ্যক্ষ মৌসুমী বন্দ্যোপাধ্যায়ের দাবি, চিকিৎসা পরিষেবা কোথাও ব্যাহত হচ্ছে না। তবে জুনিয়র ডাক্তাররা কাজে যোগ না দেওয়ায় বহির্বিভাগে ধীরগতিতে কাজ হচ্ছে।

নদীয়ার কল্যাণী AIIMS এ আজ সকালে রোগীদের জন্য টোকেন ইস্যু করা হলেও পরবর্তী সময়ে তা বন্ধ করে দেওয়া হয়। রাজ্যের বিভিন্ন প্রান্ত থেকে রোগীরা প্রতিদিন এই হাসপাতালে ভিড় জমান। স্বাভাবিকভাবেই অসুবিধার মধ্যে পড়েন তাঁরা। প্রতিবাদ বিক্ষোভ চলছে কল্যাণী কলেজ অফ মেডিসিন এন্ড জেএনএম হাসপাতালেও। তবে কোন রোগীর যাতে সমস্যা না হয় তার জন্য প্রয়োজনে আন্দোলন মঞ্চ থেকেই চিকিৎসা পরিষেবা চালানো হবে বলে জুনিয়ার ডাক্তাররা জানিয়েছেন। শান্তিপুর স্টেট্ জেনারেল হাসপাতালে ডাক্তার এবং স্বাস্থ্য কর্মীরা আজ প্ল্যাকার্ড হাতে কালো ব্যাচ পরে আজ বিক্ষোভ দেখায়।

পূর্ব মেদিনীপুরের তাম্রলিপ্ত গর্ভমেন্ট মেডিকেল কলেজে কর্তব্যরত স্টাফ সহ ছাত্র- ডাক্তার- নার্স হোস্টেলে নিরাপত্তা সুনিশ্চিতের দাবিতে আজ মেডিকেল সার্ভিস সেন্টারে জেলা কমিটির পক্ষ থেকে

হাসপাতাল মোড়ে এক মৌন মিছিল করা হয়। প্রায় পাঁচ শতাধিক মেডিকেল ছাত্রছাত্রী-ডাক্তার মিছিলে অংশগ্রহণ গ্রহণ করেন।
এ ছাড়াও কোচবিহার এম জে এন, উত্তরবঙ্গ, রামপুরহাটেও পড়ুয়ারা বিক্ষোভ আন্দোলন চালাচ্ছেন।

oooooooooooooooooooooooo

আরজিকর কাণ্ডের প্রেক্ষিতে জাতীয় মহিলা কমিশনের প্রতিনিধিদল আজ রাজ্যে এসেছে। কলকাতায় পৌঁছানোর পরেই দুই প্রতিনিধি সোজা যান লালবাজারে। সেখানে পুলিশ কমিশনারের সঙ্গে দেখা করেন তাঁরা, পুলিশ কর্তাদের সঙ্গে বৈঠকও করেন। জানা গেছে, লালবাজারের পরে আজই নিহত মহিলা চিকিৎসকের বাড়িতেও যাবেন কমিশনের ওই দুই প্রতিনিধি।

কমিশনের অন্যতম সদস্য ডেলিনা খনডুপ জানান, তাঁরা এই নৃশংস ঘটনার তদন্তের গতিপ্রকৃতি ভাল করে খতিয়ে দেখবেন। পাশাপাশি রাজ্যের গোটা পরিস্থিতি পর্যবেক্ষণ করে কমিশনকে জানাবেন।জানা গেছে, আগামী কাল আরজি কর হাসপাতালেও যাবেন জাতীয় মহিলা কমিশনের প্রতিনিধিরা। এর পরেই ঘটনার পূর্ণাঙ্গ রিপোর্ট তৈরি করে তাঁরা জাতীয় মহিলা কমিশনে জমা দেবেন।

oooooooooooooooooooooooo

৭৮ তম স্বাধীনতা দিবসের প্রাক্কালে বুধবার সন্ধ্যায় রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু জাতির উদ্দেশে ভাষণ দেবেন। শোনা যাবে সন্ধ্যা ৭ টা থেকে আকাশবাণী কলকাতার সবকটি প্রচারতরঙ্গে। এর প্রেক্ষিতে বুধবারের

সমীক্ষা বাতিল থাকছে। সন্ধ্যা ৭ টা ৩৫ এর বাংলা সংবাদ শোনা যাবে রাত ৮ টায়, স্থানীয় সংবাদের ঠিক পরেই গীতাঞ্জলী, মৈত্রী ও ১০৭ মেগাহার্টজে। রাষ্ট্রপতির ভাষণের বাংলা তর্জমা শুনবেন রাত সাড়ে ন টা থেকে।

১৫ ই আগস্ট দিল্লীর লালকেল্লার প্রাকারে জাতীয় পতাকা উত্তোলনের ধারা বিবরণী এবং প্রধানমন্ত্রীর ভাষণ সকাল ৭ টা থেকে সরাসরি সম্প্রচার করা হবে। শোনা যাবে সবক'টি প্রচারতরঙ্গে। এই অনুষ্ঠান শেষ হবার পর গীতাঞ্জলী, ১০৭ মেগাহার্টজ ও মৈত্রী প্রচার তরঙ্গে শুনবেন ১০ মিনিটের বাংলা সংবাদ।

স্বাধীনতা দিবস উপলক্ষ্যে রাত আটটায় গীতাঞ্জলি, ১০৭ ও এফএম গোল্ডে সম্প্রচারিত হবে রাজ্যপাল সি ভি আনন্দ বোসের ভাষণ।

প্রধানমন্ত্রীর ভাষণের বাংলা অনুবাদ রাত সাড়ে ৯ টা থেকে সবকটি প্রচার তরঙ্গে সম্প্রচারিত হবে। এর প্রেক্ষিতে রাত ১০ টার বাংলা সংবাদ ১৫ ই আগস্ট বাতিল করা হয়েছে।

oooooooooooooooooooooo

৭৮ তম স্বাধীনতা দিবস উদযাপন উপলক্ষ্যে সারা দেশে শুরু হয়েছে হর ঘর তিরঙ্গা অভিযান। চলবে ১৫ই আগস্ট পর্যন্ত।

অ্যান্থেম

এই কর্মসূচীর অঙ্গ হিসাবে দেশবাসীকে তাদের বাড়িতে ত্রিবর্ণ রঞ্জিত পতাকা উত্তোলন এবং তিরঙ্গার সঙ্গে সেলফি তুলে 'হর ঘর তিরঙ্গা' ওয়েবসাইটে তা আপলোড করার আহ্বান জানিয়েছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী।

oooooooooooooooooooooo

শ্রাবণ মাসের শেষ সোমবার শিবের মাথায় জল ঢালতে যাওয়ার সময় আজ সকালে শিলিগুড়ি লাগোয়া বাগডোগরার মুনি চা-বাগান সংলগ্ন হাউদিজোতে পথ দুর্ঘটনায় এক সিভিক ভলান্টিয়ার সহ ৭ জনের মৃত্যু হয়েছে। পুলিশ সূত্রে জানা গেছে, পুন্যার্থীরা জঙ্গলিবাবার মন্দিরে শিবের মাথায় জল ঢালতে যাচ্ছিলেন। সেই সময় দ্রুত গতি আসা একটি গাড়ি পেছন থেকে তাদের ধাক্কা মারে। ঘটনাস্হলে প্রাণ হারান বাগডোগরার তারবান্ধার বাসিন্দা সিভিক ভলান্টিয়ার প্রহ্লাদ রায়, গোকুলজোতের গোবিন্দ সিংহ, অমলেশ চৌধুরী, কনক বর্মন, প্রণব রায় ও পদকান্ত রায় নামে ৬ জনের, এছাড়া সিকিমের এক বাসিন্দাও দুর্ঘটনায় প্রাণ হারিয়েছেন। তার নাম ও পরিচয় জানার চেষ্টা চলেছে। দুর্ঘটনায় আহত আরও ২ জনকে উত্তরবঙ্গ মেডিকেল কলেজ হাসপাতালে পাঠানো হয়েছে।

এদিকে বাগডোগরায় কেষ্টপুর সংলগ্ন হালাল বস্তিতে আজ আরও একটি দুর্ঘটনায় ৯ জন স্কুল পড়ুয়া সহ ১২ জন আহত হয়েছেন। একটি টোটা ও বাইকের মুখোমুখি ধাক্কা লাগলে, টোটা চালক ও ৯ জন পড়ুয়া ও দুই বাইক আরোহী আহত হন। আহতদের বাগডোগরা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। ৩ জনের অবস্থা আশঙ্কাজনক।

অন্যদিকে, শিবের মাথায় ঢালার জন্য বাঁকুড়ার শুশুনিয়া পাহাড়ের ঝর্ণার জল নিতে যাওয়ার পথে বেপরোয়া লরির ধাক্কায় দুই পূণ্যার্থী প্রাণ হারিয়েছেন। ছাতনার জলট্যাঙ্কিগড়া এলাকায় গতরাতে এই দুর্ঘটনা ঘটে। ইন্দপুরের একদল যুবক জল আনতে শুশুনিয়ায় যাচ্ছিলেন। পেছন থেকে

লরিটি তাদের ধাক্কা মারে। ঘটনাস্থলেই মারা যান দুজন। গুরুতর আহত কয়েকজনকে বাঁকুড়া সম্মিলনী মেডিকেল কলেজ হাসপাতালে পাঠানো হয়।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

কলকাতা পুরসভার প্রাক্তন মেয়র পারিষদ প্রদীপ ঘোষের জীবনাবসান হয়েছে। দীর্ঘদিন ধরেই তিনি বার্ধক্য জনিত সমস্যায় ভুগছিলেন। আজ উত্তর কলকাতা J N রায় হাসপাতালে প্রদীপ বাবু শেষ নিশ্বাস ত্যাগ করেন। দীর্ঘদিনের রাজনীতিক ১৯৮৫ থেকে ২০১০ পর্যন্ত কলকাতা পুরসভার ৫০ নম্বর ওয়ার্ডের কংগ্রেস কাউন্সিলর ছিলেন তিনি। ২০০০ থেকে ২০০৫ সাল পর্যন্ত তিনি কলকাতা পুরসভার স্বাস্থ্য, বস্তি উন্নয়ন সহ বেশ কয়েকটি বিভাগের মেয়র পারিষদ হিসেবে দায়িত্বভার সামলান।

০০০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০০০০০